

অভিভাবকদের জন্য এসএমএস সেবা চালু করল যবিপ্রবি

সংবাদ : যশোর অফিস | ঢাকা, বুধবার, ২৩ অক্টোবর ২০১৯

শিক্ষার্থীদের পড়াশোনা ও তাদের অন্যান্য সহশিক্ষা কার্যক্রম সম্পর্কে জানাতে অভিভাবকদের মোবাইল ফোনে ক্ষুদে বার্তা (এসএমএস) পাঠানোর সুবিধা চালু করেছে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যবিপ্রবি)। এর মূল লক্ষ্য হচ্ছে, বিশ্ববিদ্যালয় ও সংশ্লিষ্ট বিভাগের সান্নিধ্যে থেকে অভিভাবকরা যেন তার সন্তানের বেড়ে ওঠা সম্পর্কে ধারণা পেতে পারেন।

রোববার দুপুরে যবিপ্রবির উপাচার্য অধ্যাপক ড. আনোয়ার হোসেন তার কার্যালয়ে বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগে অধ্যয়নরত শিক্ষার্থীদের অভিভাবককে মোবাইল ফোনে ক্ষুদে বার্তা পাঠানো সুবিধার উদ্বোধন করেন।

ড. আনোয়ার হোসেন বলেন, পরীক্ষামূলকভাবে মার্কেটিং বিভাগের শিক্ষার্থীদের অভিভাবককে এসএমএসের মাধ্যমে তার সন্তানের খোঁজখবর পাঠানোর সুবিধা চালু করা হয়েছে। এ ধরনের ডিজিটাল সার্ভিসের মাধ্যমে শিক্ষার্থীদের অভিভাবককে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত করা হবে। অভিভাবকদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের নিবিড় সম্পর্ক উন্নয়নের ক্ষেত্রে এ উদ্যোগ নতুন

একটি মাইলফলক। এ জন্য শিক্ষক-শিক্ষার্থী ও
অভিভাবকদের সহযোগিতা কামনা করি।